DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:11 AM

বিনোদন

# শুটিংয়ে গুরুতর আহত রাশমিকা মান্দানা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ০১ আগস্ট ২০২৬, ০৬:২৫ PM



ভারতের জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানা। ছবি: সংগৃহীত

নতুন সিনেমার শুটিং করতে গিয়ে গুরুতর আহত হয়েছেন ভারতের জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানা। অ্যাকশন ও নৃত্যদৃশ্য ধারণের সময় দুর্ঘটনায় তার হিপ টেন্ডন ছিঁড়ে গেছে। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী, আগামী ছয় সপ্তাহ তাকে সম্পূর্ণ বিশ্রামে থাকতে হবে।

জানা গেছে, দুর্ঘটনার পরপরই রাশমিকাকে হাসপাতালে নেওয়া হয়। পরীক্ষা-নিরীক্ষার পর চিকিৎসকেরা জানান, আঘাত গুরুতর হওয়ায় আপাতত কোনো ধরনের শুটিং বা শারীরিক পরিশ্রম করা যাবে না। পুরোপুরি সুস্থ হওয়ার পরই তিনি আবার ক্যামেরার সামনে ফিরতে পারবেন।

দুর্ঘটনার সময় রাশমিকা একাধিক সিনেমার কাজ নিয়ে ব্যস্ত ছিলেন। এর মধ্যে ‘রাণাবলী’ ও ‘মাইসা’ ছবির শুটিং চলছিল। তবে ঠিক কোন ছবির শুটিংয়ের সময় তিনি আহত হয়েছেন, তা এখনো নিশ্চিত করা হয়নি।

চিকিৎসকদের ভাষ্য, এ ধরনের টেন্ডনের গুরুতর আঘাত সাধারণত পেশাদার ক্রীড়াবিদদের ক্ষেত্রে বেশি দেখা যায়। একজন অভিনেত্রীর ক্ষেত্রে এমন চোট তুলনামূলক বিরল। তাই সম্পূর্ণ সুস্থ হতে তাকে পুনর্বাসন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।

এই দুর্ঘটনার কারণে রাশমিকার আসন্ন সব শুটিং সূচিতে পরিবর্তন আসতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। চিকিৎসকদের ছাড়পত্র পাওয়ার পরই তিনি অভিনয়ে ফিরবেন।

উল্লেখ্য, চলতি বছরের ২৬ ফেব্রুয়ারি অভিনেতা বিজয় দেবরাকোন্ডাকে বিয়ে করেন রাশমিকা মান্দানা। বর্তমানে স্বামীর সঙ্গে □রাণাবলী□ ছবিতে অভিনয় করছেন তিনি। এর আগে □ডিয়ার কমরেড□ ও □গীতা গোবিন্দম□সহ একাধিক ছবিতে এই জুটির অভিনয় দর্শকদের প্রশংসা কুড়িয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে অভিনেত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার**
রাজধানীর ভাটারা এলাকা থেকে জনপ্রিয় মডেল ও অভিনেত্রী রিধিকা রিধির মরদেহ উদ্ধার করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) সকাল ছয়টার দিকে সিলিং ফ্যানে ঝুলন্...



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...



প্রতীকী ছবি

**ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ**

একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



**শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা**

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/shutingye-gurutr-aht-rashmika-mandana